

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

টি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০৮ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ১০৭-আইন/২০১৭।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section-4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে “সুনামগঞ্জ নদী বন্দর” এর সীমানা নির্ধারণপূর্বক উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

তফসিল

সুনামগঞ্জ নদী বন্দর এর—

(ক) পূর্ব সীমানা :

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার রংগারচর ইউনিয়নের বিরামপুর মৌজায় বিরামপুর গ্রাম এবং সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার কুরবাননগর ইউনিয়নের গুদারগাঁও মৌজা, গুদারগাঁও গ্রামের উপর দিয়া উত্তর-দক্ষিণে অতিক্রমকারী ৯১° ২৬' ৪৯" পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(খ) পশ্চিম সীমানা :

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার গৌরারং ইউনিয়নের টোকেরগাঁও মৌজার টোকেরগাঁও গ্রাম এবং দক্ষিণ পাড়ে সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার মোহনপুর ইউনিয়নের মনমতেরচর মৌজার রামনগর গ্রামের উত্তর-দক্ষিণে অতিক্রমকারী ৯১° ২১' ৩৫" পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(৪৬০৯)

মূল্যঃ টাকা ৪.০০

## (গ) উত্তর সীমানা :

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর থানার সুরমা ইউনিয়নের লতারগাঁও মৌজার সাহেবনগর গ্রাম এবং সুনামগঞ্জ জেলার বিশ্বমবারপুর থানার সলুকাবাদ ইউনিয়নের লতারগাঁও মৌজার জিনারপুর গ্রামের উপর দিয়া পূর্ব-পশ্চিম অতিক্রমকারী ২৫° ০৭' ৩৫" উত্তর অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত;

## (ঘ) ভূ-ভাগের সীমানা :

উপরি-উক্ত নদী বন্দর সীমানার আওতায় সুরমা ও বালুখালী নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) তটরেখা হইতে নদীর তীর বরাবর ৫০ গজ (Yard) পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম  
উপসচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
টি এ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০৮ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ১০৬-আইন/২০১৭ —Ports Act, 1908 (Act No.XV of 1908) এর Section 7 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Bangladesh Inland Water Transport Authority (BIWTA) কে “সুনামগঞ্জ নদী বন্দর” এর সংরক্ষক (Conservator) নিযুক্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৪৬০১)

মূল্যঃ টাকা ৪.০০